

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল স্কুল (ইভি)

শ্রেণি - তৃতীয়
অর্ধ বার্ষিক - ২০২৪
গদ্য - আনন্দের দিন

শিক্ষকের নামঃ ফাতেমা নাবিলা

১। গদ্যটি রিডিং ও আলোচনা। (পৃঃ২৬-২৭)

নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর লেখ।

ঘন্টা বাজতে ক্লাসে এলেন খুশি আপা। তোমাদের জন্য আনন্দের খবর আছে। আমরা স্কুল থেকে ঘুরতে যাব। ক্লাসের সবাই আনন্দে হৈ হৈ করে উঠলো। বেশিরভাগ শিক্ষার্থী লালবাগ কেব্লায় যেতে চাইলো। স্কুল পোশাকে শনিবার সকাল ১০ টায় সবাই চলে আসবে। সঙ্গে পানি কলমও নোটবুক নিয়ে আসবে। খুশি আপা রাজুকে সবার নাম লিখে রাখতে বললেন। গাড়ি ছাড়লো একসময় গাড়ি লালবাগ কেব্লায় পৌঁছে গেল। আপা ঘুরে ঘুরে কেব্লা সব কিছু দেখাতে লাগলেন। লালবাগ কেব্লা দেখা শেষ হলো। এবার ফিরে যাওয়ার পালা। দিনটি খুব আনন্দে কাটলো।

২। শব্দার্থঃ

- ক) কেব্লা - দুর্গ
- খ) দায়িত্ব - কাজ
- গ) নোটবুক - লেখার ছোট খাতা
- ঘ) জাদুঘর - ঐতিহাসিক গুরুত্বপূর্ণ জিনিসপত্র প্রদর্শনের স্থান
- ঙ) ফটক - সদর দরজা
- চ) গম্বুজ - গোলাকার ছাদ
- ছ) টিলা - উঁচু জায়গা
- জ) মুদ্রা - ধাতুর তৈরি পয়সা

৩। বাক্য গঠনঃ

- ক) মতামত - তোমার মতামত বলো।
- খ) জাদুঘর - আমরা জাদুঘরে যাব।
- গ) নোটবুক - আমি কাল নোটবুক নিয়ে আসব।
- ঘ) প্রাচীন - লালবাগ কেব্লা একটি প্রাচীন ঐতিহ্য।
- ঙ) তালিকা - কে কে ঘুরতে যাবে তালিকা করি।

৪। যুক্তবর্ণ দিয়ে শব্দ গঠনঃ

- ক) ল্ল - ল+ ল = কেব্লা, উল্লাস
- খ) ন্ট- ন+ ট = ঘন্টা, বন্টন
- গ) ম্ব- ম+ ব = লম্বা, গম্বুজ
- ঘ) ন্দ- ন+ দ = হৃন্দ, আনন্দ
- ঙ) ক্ল- ক+ ল = ক্লিপ, ক্লাস
- চ) ত্ব - ত+ ব = দায়িত্ব, মাতৃত্ব
- ছ) দ্র- দ+র = মুদ্রা, ভদ্র

৫। প্রশ্নোত্তরঃ

ক) ক্লাসের সবাই হৈ হৈ করে উঠলো কেন?

উঃ ক্লাসের সবাই আনন্দে হৈ হৈ করে উঠলো।

খ) সবাই মিলে কোথায় যাবে ঠিক করলো?

উঃ সবাই মিলে লালবাগ কেবল্লয় যাবে ঠিক করল।

গ) আপা কি কি জিনিস সাথে নিতে বললেন?

উঃ পানি, কলম ও নোটবুক সাথে নিতে বললেন।

ঘ) কাকে সবার নাম লিখে রাখার দায়িত্ব দেওয়া হয়েছিল?

উঃ রাজুকে সবার নাম লিখে রাখার দায়িত্ব দেওয়া হয়েছিল।